



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/৩৬১

তারিখঃ ২৯/০৬/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

৫৭৯ তম কমিশন সভা অদ্য ২৯/০৬/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন অধ্যকার সভায় Fortune Shoes Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ২২০,০০,০০০ টি সাধারণ শেয়ার অভিহিত মূল্যে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২২,০০,০০,০০০/- টাকা পুঁজি উত্তোলন করে ভবন নির্মাণ, মেশিন ও সরঞ্জাম ক্রয় এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ২৯ শে ফেব্রুয়ারী ২০১৬ তারিখে ৯ মাসের সমাপ্ত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) টাঃ ১.২২ (weighted average) এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) টাকা ১৩.৭৫। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Imperial Capital Limited এবং Prime Bank Investment Limited।
২. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশের প্রেক্ষিতে জনাব কে, এ, এম, মাজেদুর রহমান -কে Dhaka Stock Exchange Limited (Board and Administration) Regulations, 2013 এর সংশ্লিষ্ট প্রবিধানসমূহ পরিপালন সাপেক্ষে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োগ প্রদানের বিষয়টি কমিশন অনুমোদন করেছে।
৩. এছাড়াও কমিশন আজকের সভায় ডিপিজিটির প্রদত্ত সেবার (CDS) ফি সংক্রান্ত ডিপিজিটির (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর সিডিউল-৪ এর খসড়া সংশোধনীতে বিও হিসাব রক্ষণ ফি ও অন্যান্য ফি হ্রাসকরণ এবং নতুন ইন্সট্রুমেন্ট (Instrument) সংযোজন সহ ফি পুনর্বিদ্যস্ত করে অনুমোদন করেছে, যা জনমত জরিপ এর জন্য দৈনিক পত্রিকা ও কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।


২৯/০৬/২০১৬

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপাত্র।